

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 12.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) রাত পোহালেই রাজ্যে ৬ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোটগ্রহণ। এজন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ।
- ২) পাহাড়ের প্রতিভাবান তরুণ প্রজন্মের কর্মসংস্থানের জন্য রাজ্য সরকার একটি বিশেষ পোর্টাল চালু করবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।
- ৩) সন্টলেকে দুটি বাসের রেষারেষিতে এক স্কুল পড়ুয়ার মৃত্যুর ঘটনায় এলাকা রণক্ষেত্র। পরিবহন মন্ত্রীকে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার নির্দেশ মুখ্যমন্ত্রীর।
- ৪) বর্ষাণাণ অভিনেতা, নাট্যকার মনোজ মিত্রের প্রয়াণে শোকস্তব্ধ বাংলা সংস্কৃতি মহলা।
- ৫) আসন্ন জাতীয় ফুটবল প্রতিযোগিতা সন্তোষ ট্রফির বাছাই পর্বের জন্য ২২ সদস্যর বাংলা দল আজ ঘোষণা করা হয়েছে।

রাত পোহালেই রাজ্যে ৬ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোটগ্রহণ। এজন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ। ইতোমধ্যেই সংশ্লিষ্ট ডিসিআরসি কেন্দ্র থেকে ভোটের সরঞ্জাম নিয়ে কর্মীরা বুথে বুথে পৌঁছেছেন। সিতাই মাদারিহাট মেদিনীপুর নৈহাটি হাড়োয়া ও তালডাংরা এই ৬ টি আসনে মোট ১৫ লক্ষ ২২ হাজার ৫৬ জন ভোটদাতা এক হাজার ৫৮৩ টি বুথে তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। সকাল সাতটা থেকে ভোট শুরু হবে। প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন ৪২জন প্রার্থী। সুষ্ঠু অবাধ ও শান্তিপূর্ণ ভাবে ভোট সুনিশ্চিত করতে থাকছে ১০৮ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এবং সম সংখ্যক কুইক রেসপন্স টিম। এর পাশাপাশি থাকবে রাজ্য পুলিশের সশস্ত্র বাহিনীও। ১০০শতাংশ বুথে ওয়েব কাস্টিং এর ব্যবস্থা করা হয়েছে। ভোট পরিচালনায় কড়া নজর রাখতে প্রতিটি কেন্দ্রের জন্য তিনজন করে পর্যবেক্ষক থাকছেন। এদের মধ্যে একজন সাধারণ একজন পুলিশ এবং ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক।

রাজ্যের খসড়া ভোটার তালিকা আজ প্রকাশিত হয়েছে। এই তালিকা অনুসারে মোট ভোটারের সংখ্যা ৭ কোটি ৪৪ লক্ষ ৯২ হাজার ৪৫৩। এবার ৬ লক্ষ ২৮ হাজার ৯৫৩ জনের নাম সংযোজিত হয়েছে। বাদ গেছে ৪ লক্ষ ৫৬ হাজার ৮৫৪ জনের নাম।

এদিকে, ভোটার তালিকায় নাম সংশোধন, সংযোজন এবং বিয়োজনের কাজ আজ থেকে শুরু হয়েছে। শনি ও রবিবার থাকছে বিশেষ শিবিরের বন্দোবস্ত।

পাহাড়ের প্রতিভাবান তরুণ প্রজন্মের কর্মসংস্থানের জন্য রাজ্য সরকার একটি বিশেষ পোর্টাল চালু করবে। দার্জিলিংয়ে আজ জিটিএ সহ বিভিন্ন জনজাতি উন্নয়ন পর্ষদের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি একথা ঘোষণা করেন। একই সঙ্গে পাহাড়ের উন্নয়নে একগুচ্ছ প্রকল্পের সূচনার কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী। তরুণ প্রজন্মকে কাজের উপযোগী করে তুলতে সরকারিভাবে ৪টি স্কিল ডেভলপমেন্ট সেন্টার বা দক্ষতা বিকাশ কেন্দ্র চালু করার কথাও জানান।

বাইট

জিটিএ চেয়ারম্যান অনীত থাপা পাহাড়ের বিকাশে রাজ্য সরকারের ভূমিকার প্রশংসা করে বলেন, মুখ্যমন্ত্রীর উদ্যোগে পাহাড়ের পর্যটন ব্যবসার প্রভূত উন্নতি হয়েছে। সরকারের উত্পাদন ভিত্তিক উত্সাহ নীতির ফলে গ্রামে গ্রামে হোম স্টেট তৈরি হয়েছে। এই ধারা অব্যাহত রাখতে শান্তির পরিবেশ বজায় রাখার উপরেও জিটিএ চেয়ারম্যান বিশেষ গুরুত্ব আরোপ করেছেন।

হাইকোর্টের অনুমতি নিয়ে গ্রুপ ডি চাকরী প্রার্থীদের ঐক্যমঞ্চে শর্তসাপেক্ষে ধর্গা কর্মসূচীর শেষ দিনে আজ প্রতিনিধিরা মুখ্যসচিবের সঙ্গে দেখা করে স্মারকলিপি জমা দিয়েছেন। প্রায় ৮০০ দিন ধরে কলকাতায় মাতঙ্গিনী হাজার মূর্তির পাদদেশে অবস্থান চালালেও সদর্থক বার্তা সরকারের কাছ থেকে না আসায় নবান্নের সামনে ধর্গায় বসার কর্মসূচী নেওয়া হয়। নিরাপত্তার কারণে হাইকোর্ট মন্দিরতলা বাসস্ট্যাণ্ডে এই কর্মসূচী সরিয়ে নিয়ে যেতে বলে। সেখানেই গতকাল থেকে শুরু হয় ধর্গা অবস্থান। আজ ঐ মঞ্চে যান রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি বলেন, খুব শীঘ্রই চাকরীর দাবিতে অরাজনৈতিক মঞ্চ থেকে একটি লং মার্চের আয়োজন করা হবে। বিধানসভাতেও এই সংক্রান্ত মূলতুবি প্রস্তাব জমা দেওয়া হবে। দলের পক্ষ থেকে বেকার যুবক যুবতীদের নিয়ে একটি পোর্টাল চালু করার পরিকল্পনা নেওয়া হচ্ছে। রাজ্যে ৬ লক্ষ সরকারি পদ অবলুপ্ত হয়েছে বলেও তিনি অভিযোগ করেন।

বাইট

তরুণের স্বপ্ন প্রকল্পে পড়ুয়াদের ট্যাবের টাকা নিয়ে কেলেঙ্কারি রুখতে রাজ্য সরকার ভবিষ্যতে সতর্ক হওয়ার নির্দেশ দিয়েছে। ওই প্রকল্পে আধার কার্ড সংযুক্তিকরনের মাধ্যমে পড়ুয়াদের ট্যাবের টাকা দেওয়ার কথা ভাবা হচ্ছে। এতদিন এই নিয়ম ছিলনা। আগামী বছর থেকে আধার সংযুক্তির পরিকল্পনা কার্যকর করার জন্য স্কুল শিক্ষা দফতরকে নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য সম্প্রতি রাজ্যজুড়ে ৩০০-রও বেশি পড়ুয়ার ট্যাবের টাকা গায়েব হয়ে যাওয়ার অভিযোগ ওঠে। এই প্রসঙ্গে বিভিন্ন জেলায় রিপোর্ট চেয়েছিল রাজ্য স্কুল শিক্ষা দফতর। গতকাল মুখ্যসচিবের উপস্থিতিতে উচ্চ-পর্যায়ের বৈঠকে অভিযুক্তদের চিহ্নিত করে দ্রুত পদক্ষেপের নির্দেশ দেওয়া হয়।

এদিকে, ট্যাব কেলেঙ্কারির ঘটনায় বর্ধমান জেলা পুলিশ মালদা থেকে একজনকে গ্রেপ্তার করেছে। হাসেম আলি নামে বৈষ্ণবনগরের ঐ বাসিন্দা বাংলার শিক্ষা পোর্টাল অ্যাক্সেস করে এই কারসাজি চালায় বলে অভিযোগ।

আবাস যোজনা প্রকল্পে চূড়ান্ত পর্যায়ের সমীক্ষার কাজ নির্ধারিত সময়ের মধ্যেই শেষ হবে বলে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। ইতিমধ্যেই প্রায় ৯০ শতাংশ উপভোক্তার সমীক্ষা শেষ হয়েছে বলে জানা গেছে। ১৪ নভেম্বরের মধ্যে সমীক্ষা শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। চূড়ান্ত তালিকা প্রকাশের আগে উপভোক্তাদের নাম, ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর ও আইডি-সহ সব তথ্য নথিভুক্ত করার কাজে আরও বেশি সতর্ক থাকতে বলেছে পঞ্চায়েত দপ্তর। নামের তালিকা যাচাইয়ে সমস্ত তথ্য এবং আবেদনকারীদের বর্তমান ঠিকানার ছবি ও ভিডিও সংগ্রহ করে তা আপলোড করতে সমীক্ষকদের নির্দেশ দেওয়া হয়েছে। ওই তালিকা গ্রামসভা এবং ব্লক স্তরের কমিটিকে দিয়ে অনুমোদন করিয়ে সংরক্ষণ করতে হবে।

এদিকে, আবাস যোজনার সমীক্ষা নিয়ে জেলায় জেলায় বিক্ষোভ অব্যাহত।

চা-বাগান এলাকায় আবাস যোজনার ঘর নিয়ে খোঁজখবর নিতে এসে আদিবাসী শ্রমিকদের ক্ষোভের মুখে পড়লেন জলপাইগুড়ি সদর বিডিও। করলাভ্যালি চা বাগানে এই অভিযোগ নিয়ে দীর্ঘদিন ধরেই প্রতিবাদ আন্দোলন চলছে। আজ বিডিও মিহির কর্মকার সহ অন্যান্য আধিকারিকরা জমির বর্তমান পরিস্থিতির পাশাপাশি আধার কার্ড ও ব্যাঙ্ক অ্যাকাউন্ট খতিয়ে দেখতে বাগানে বড় লাইন এলাকায় গেলে আবেদনকারীরা ক্ষোভ উগড়ে দেন।

আবাস যোজনার সমীক্ষার তালিকায় ব্যাপক দুর্নীতি সহ স্বজনপোষণের অভিযোগ তুলে পুরুলিয়ার বান্দোয়ান ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিকের কাছে ডেপুটেশন দিয়েছে সিপিএম। আজ ডেপুটেশন জমা দেবার সময় প্রচুর সাধারণ মানুষ সামিল হয় সেখানে বিক্ষোভ দেখাতে থাকেন।

সন্টলেকের দু নম্বর গেটে দুটি বাসের রেয়ারেঘির জেরে আজ এক স্কুল ছাত্রের মৃত্যু হলে এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। মানিকতলার বাসিন্দা আয়ুষ পাইক নামে বছর ১১-র ওই ছাত্রটি মায়ের সঙ্গে স্কুটিতে বাড়ি ফিরছিলো। সেই সময় দুটি বাস রেয়ারেঘি করতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে স্কুটিতে ধাক্কা মারলে পড়ে যায় আয়ুষ। হাসপাতালে নিয়ে যাওয়ার পর তার মৃত্যু হয়। পুলিশ জানিয়েছে, স্কুটিতে আরেকটি ছাত্রও ছিল। আহত অবস্থায় তাকে একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। এরপরই পুলিশি গাফিলতির অভিযোগ তুলে এলাকা রণক্ষেত্র হয়ে ওঠে। মৃতদেহ নিয়ে দফায় দফায় পথ অবরোধ করেন স্থানীয় বাসিন্দারা। বিশাল পুলিশবাহিনী পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ঘটক বাসটির চালক ও খালাসিকে গ্রেফতার করা হয়েছে।

এদিকে, এই ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। উত্তরবঙ্গ থেকে আজ টেলিফোনে তিনি পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তীর সঙ্গে কথা বলেন। এই ধরনের ঘটনা বন্ধ করতে বাস ব্যবসায়ী সহ পরিবহনের সঙ্গে যুক্ত সব পক্ষকে নিয়ে তিনি দ্রুত বৈঠকে বসার জন্যে পরিবহন মন্ত্রীকে নির্দেশ দেন। প্রয়োজনে আইন এনে বেপরোয়া চালকের বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় খুনের মামলা রুজু করারও প্রস্তাব দেন তিনি।

অন্যদিকে, সিপিআইএম এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। এই মৃত্যুর দায় কার, তা নিয়েও তিনি প্রশ্ন তুলেছেন।

বাইট

বর্ষায়াণ অভিনেতা, নাট্যকার মনোজ মিত্রের প্রয়াণে শোকস্তব্ধ বাংলা সংস্কৃতি মহল। কিছুক্ষণ আগে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়েছে। আগেই জানানো হয়েছে, দীর্ঘদিন ধরে তিনি বার্ষিক্যজনিত নানা সমস্যায় ভুগছিলেন। ছিল কার্ডিও মায়োপ্যাথী এবং ডিমেনশিয়ার মত সমস্যা। গত তেসরা নভেম্বর মাল্টি লোবার নিউমোনিয়া, সেপ্টিসেমিয়া সহ একাধিক সমস্যা নিয়ে ক্যালকাটা হার্ট ক্লিনিকে সিসিইউতে ভর্তি হন। ১০ দিন ধরে যাবতীয় চেষ্টা চালানো হলেও শেষ রক্ষা হয়নি। আকাশবাণী সংবাদের পক্ষ থেকে প্রয়াত অভিনেতার প্রতি একটি বিশেষ শ্রদ্ধাঞ্জলী।

ক্যাপসুল অভিজিত্

উৎসবের মরশুম এবং সাম্প্রতিককালে জনস্বার্থে রেল কি কি ব্যবস্থা নিয়েছে সেই নিয়েই শোনা যাবে একটি আলোচনা 'জনস্বার্থে রেল'। অনুষ্ঠানে অংশ নিয়েছেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র ও দক্ষিণ পূর্ব রেলের জনসংযোগ আধিকারিক সোপান দত্ত। সঞ্চালনায় সুস্মিতা মণ্ডল। সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আগামীকাল সাড়ে নটায় গীতাঞ্জলী, ১০৭ প্রচারতরঙ্গ এবং DTH বাংলায়।

আসন্ন জাতীয় ফুটবল প্রতিযোগিতা সন্তোষ ট্রফির বাছাই পর্বের জন্য ২২ সদস্যর বাংলা দল আজ ঘোষণা করা হয়েছে। ৩২ বারের বিজয়ী বাংলা শনিবার কল্যানীতে গ্রুপ সি, র ম্যাচে ঝাড়খণ্ডের মুখোমুখি হবে। ১৮ ই নভেম্বর উত্তর প্রদেশ, বিশেষ নভেম্বর বিহার এর বিরুদ্ধে খেলবে। ৯ টি গ্রুপে ৩৫ টি দল যোগ্যতা অর্জন পর্যায়ে অংশ নেবে।